

## প্রচার পত্র

- (১) তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিতকরণ, স্বচ্ছতা, জবাবদিহিতা বৃদ্ধি, দুর্নীতি হ্রাস ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে তথ্য অধিকার আইন-২০০৯ পাশ হয়। আইনটি ৫ এপ্রিল, ২০০৯ তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করে এবং ৬ এপ্রিল ২০০৯ আইনটি বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।
- (২) জনগণের তথ্য পাওয়ার অধিকার নিশ্চিত করার লক্ষ্যে তথ্য কমিশন প্রতিষ্ঠা করা হয়েছে। তথ্য অধিকার আইন-২০০৯ অনুযায়ী রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে তথ্য প্রদান ইউনিট প্রতিষ্ঠা করা হয়েছে। তথ্য প্রদানের জন্য সুনির্দিষ্ট কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়েছে।
- (৩) “তথ্য” অর্থে কোন কর্তৃপক্ষের গঠন, কাঠামো ও দাপ্তরিক কর্মকান্ড সংক্রান্ত যে কোন স্মারক, বই, নকশা, মানচিত্র, চুক্তি, তথ্য-উপাত্ত, লগ-বই, আদেশ, বিজ্ঞপ্তি, দলিল, নমুনাপত্র, প্রতিবেদন, হিসাব বিবরণী, প্রকল্প প্রস্তাব, আলোকচিত্র, অডিও, ভিডিও, অংকিত চিত্র, ফিল্ম, ইলেকট্রনিক প্রক্রিয়ায় প্রস্তুতকৃত যে কোন ইনস্ট্রুমেন্ট, যান্ত্রিকভাবে পাঠযোগ্য দলিলাদি এবং ভৌতিক গঠন ও বৈশিষ্ট্য নির্বিশেষে অন্য যে কোন তথ্যবহ বস্তু বা এদের প্রতিলিপি।

তবে শর্ত থাকে যে, দাপ্তরিক নোট সিট বা নোট সিটের প্রতিলিপি তথ্যের অন্তর্ভুক্ত হবে না।

- (৪) তথ্য অধিকার আইন, ২০০৯-এর অধীন বিধিমালা ও প্রবিধানমালাসমূহ নিম্নরূপঃ

- ১। তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯;
- ২। তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর সংশোধনী;
- ৩। তথ্য অধিকার (তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা) প্রবিধানমালা, ২০১০;
- ৪। তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০;
- ৫। তথ্য অধিকার (অভিযোগ দায়ের ও নিষ্পত্তিসংক্রান্ত) প্রবিধানমালা, ২০১১।

| বিসিসি বরিশাল কার্যালয়ে তথ্য প্রদানকারী কর্মকর্তা   |   |
|--|---|
| দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম<br>জনাব মোহাম্মদ জসীম<br>হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার ও আঞ্চলিক পরিচালক (ভারপ্রাপ্ত)<br>ইমেইলঃ <a href="mailto:Mohammad.jasim@bcc.gov.bd">Mohammad.jasim@bcc.gov.bd</a><br>মোবাইলঃ ০১৭৭৮৭৫৫১৭০<br>অফিসঃ ০২৪৭৮৮৩১৪৮০ | বিকল্প কর্মকর্তার নাম<br>জনাব এম.আই. মোঃ বাকী বিল্যাহ<br>অ্যাসোসিয়েট<br>(লেয়ার ওয়ান সার্ভিস ডেলিভারী)<br>ইমেইলঃ <a href="mailto:bagee.billah@bcc.gov.bd">bagee.billah@bcc.gov.bd</a><br>মোবাইলঃ ০১৭৩৭৮৬৭৫৩৭<br>অফিসঃ ০২৪৭৮৮৩১৪৮০ |
| আপিল কর্মকর্তার নাম<br>জনাব মোহাম্মদ রাশেদুল ইসলাম<br>সচিব<br>ইমেইলঃ <a href="mailto:rashedul.islam@bcc.gov.bd">rashedul.islam@bcc.gov.bd</a><br>মোবাইলঃ +৮৮-০১৭১২১৬৯৫৫৯<br>অফিসঃ +৮৮০-২-৫৫০০৬৮৪৯  |   |